

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)

--	--	--

“তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) (১ম সংশোধিত)”

কী ইনফরমেশন ইন্টারভিউ প্রশ্নমালা

ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকার সুবিধা বঞ্চিত মহিলাদের প্রযুক্তির সাথে পরিচিত এবং প্রযুক্তি ব্যবহার ত্বরান্বিত করে তাদের উন্নয়ন ধারা আরো গতিশীল করে তোলার লক্ষ্যে তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্পটি গ্রহণ করে। এর অংশ হিসেবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে জাতীয় মহিলা সংস্থা'র মাধ্যমে ৪৯২ টি উপজেলায় তথ্য কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। এছাড়া, এ প্রকল্পের আওতায় তথ্যপ্রযুক্তি সম্পর্কে (০১) এক কোটি গ্রামীণ মহিলাদের উদ্বুদ্ধকরণ এবং তথ্য প্রযুক্তির মাধ্যমে দৈনন্দিন সমস্যা সমাধানের সাহায্য করা, তথ্য কেন্দ্রের মাধ্যমে ই-কমার্স সহায়তা প্রদান, ই-লার্নিং এর মাধ্যমে প্রযুক্তি জ্ঞানসম্পন্ন দল গঠন করা, ওয়েব পোর্টাল, তথ্য ভান্ডার, তথ্য আপা আইপি টিভি এবং এমআইএস সফটওয়্যার উন্নয়ন করা। এই প্রকল্পের উদ্দেশ্য অর্জনের সফলতা বা ব্যর্থতার কারণ এবং কর্মসূচীর কার্যকারিতা, দক্ষতা, প্রভাব, ধারাবাহিকতা ইত্যাদি মূল্যায়নের উদ্দেশ্যে আপনার মতামত ও সমীক্ষায় বিশেষ ভূমিকা রাখবে। এ ব্যাপারে আপনার সহযোগিতা একান্ত কাম্য। উল্লেখ্য যে, আপনার মতামত সমীক্ষায় কাজে ব্যবহৃত হবে এবং আপনার দেওয়া তথ্য গোপন রাখা হবে।

১.	প্রতিষ্ঠানের নামঃ
২.	উত্তরদাতার নামঃ
৩.	উত্তরদাতার যোগাযোগের ঠিকানাঃ

প্রশ্নমালা

- ১) সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে এ প্রকল্পটি কিভাবে ভূমিকা রাখছে বলে আপনারা মনে করেন?
- ২) প্রকল্পে গৃহিত কার্যাবলি প্রকল্পের উদ্দেশ্যের সাথে কতটুকু সামঞ্জস্যপূর্ণ – আপনাদের মতামত দিন।
- ৩) প্রকল্পের সকল কার্যক্রম পূর্ণভাবে বাস্তবায়িত হয়েছে কি? প্রকল্পের মাধ্যমে গৃহীত কার্যক্রমের বর্তমান অবস্থা কি?
- ৪) প্রকল্পটি নারীর কর্মসংস্থান সৃষ্টিতে কিভাবে অবদান রাখছে - আপনার মতামত দিন।
- ৫) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য ও ক্রয় সংগ্রহের ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিআর) প্রতিপালন করা হয়েছে কি?
- ৬) প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যাবলী উল্লেখ করুন? এ সকল সমস্যা থেকে উত্তরণের জন্য আপনার কোন পরামর্শ বা সুপারিশ আছে কি?
- ৭) প্রকল্পের আওতায় স্থাপিত তথ্য কেন্দ্র, ওয়েব পোর্টাল, তথ্য ভান্ডার বা নলেজ ব্যাংক, আইপি টিভি, এমআইএস এবং মোবাইল ফোন অ্যাপ্লিকেশন গুণগতমান ও গ্রহণযোগ্যতা সম্পর্কে আপনার মতামত দিন।
- ৮) প্রকল্পের আওতায় নিয়োগকৃত ঠিকাদার (সফটওয়্যার ডেভেলপমেন্ট প্রতিষ্ঠান) কাজের ক্ষেত্রে সঠিকভাবে ভূমিকা পালন করছে কি - আপনার মতামত দিন।
- ৯) প্রকল্পের সবল দিকগুলো কি কি?
- ১০) প্রকল্পের দুর্বল দিকগুলো কি কি? প্রকল্পের দুর্বল দিকগুলো কাটিয়ে উঠার জন্য কি কি পদক্ষেপ গ্রহণ কর যেতে পারে।
- ১১) প্রকল্পের আওতায় নিয়োগকৃত জনবল পর্যাপ্ত কি? নিয়োগকৃত জনবল কাজের ক্ষেত্রে সঠিকভাবে ভূমিকা পালন করছে কি - আপনার মতামত দিন।
- ১২) প্রকল্পের আওতায় স্থাপিত তথ্য কেন্দ্র, ওয়েব পোর্টাল, তথ্য ভান্ডার বা নলেজ ব্যাংক, আইপি টিভি, এমআইএস এবং মোবাইল ফোন অ্যাপ্লিকেশন নতুন কি কি সার্ভিস প্রদান করা সম্ভব বলে আপনি মনে করেন?
- ১৩) প্রকল্পের exit plan সম্পর্কে আপনার মতামত প্রদান করুন।
- ১৪) ভবিষ্যতে প্রকল্পটির উন্নয়ন কার্যক্রম কিভাবে টেকসই করা যেতে পারে - আপনার মতামত দিন।